

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯২৭

আগরতলা, ১৬ আগস্ট, ২০২৪

উনকোটি জেলায় বিশেষজ্ঞ শল্য চিকিৎসকগণ  
রোগীনির পিত্তথলিতে সফল অস্ত্রোপচার সম্পন্ন



উনকোটি জেলার বিশেষজ্ঞ শল্য চিকিৎসকগণ স্বাধীনতা দিবসের দিন এক রোগীনির সফল অস্ত্রোপচার সম্পন্ন করেছেন। কৈলাশহরের বাসিন্দা ৩২ বছর বয়স্ক ওই মহিলার পেটে অসহ্য ব্যথা সহ অন্যান্য আনুষঙ্গিক উপসর্গ নিয়ে দীর্ঘদিন যাবৎ ভুগছিলেন। এই সমস্যাগুলি নিয়ে তিনি জেলা হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসকদের শরণাপন্ন হন। বহির্বিভাগে চিকিৎসকরা রোগীর সমস্যাগুলি সম্পর্কে অবহিত হন। তখন সার্জিক্যাল ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ সার্জন ডাঃ শুভ্রনীলয় দাস রোগীর পরীক্ষা নিরীক্ষার রিপোর্টের ভিত্তিতে দেখেন, তার গলব্লাডারে ফুটো রয়েছে এবং বড় মাপের পাথর রয়েছে। রোগী আর্থিক দিক দিয়ে দুর্বল হওয়ায় তাকে আগরতলায় জিবিপি বা আইজিএম হাসপাতালে রেফার করলে সেখানে পরিষেবা গ্রহণে তারা অসমর্থ ছিল। ফলে জরুরী ভিত্তিতে অস্ত্রোপচার একান্ত আবশ্যিক হয়ে পরে। এই অবস্থায় হাসপাতালের সার্জন মহিলার জীবন বাঁচাতে ঝুঁকিপূর্ণ অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন। গত ১৫ তারিখ হাসপাতালের সার্জন ডাঃ শুভ্রনীলয় দাসের নেতৃত্বে গঠিত একটি মেডিকেল টিম রোগীর সফল অস্ত্রোপচার সম্পন্ন করেন। উক্ত অস্ত্রোপচার টিমে ছিলেন জেনারেল সার্জন ডাঃ সৌরভ লোধ, এনেস্তেসিওলজিস্ট ডাঃ রূপময় দাস, স্ক্রার্ভ নার্স স্মৃতি দাস, ও টি টেকনিশিয়ান মিঠুন মল্ল প্রমুখ। অস্ত্রোপচারের পর রোগী বর্তমানে চিকিৎসকদের তত্ত্বাবধানে সুস্থ আছেন। উল্লেখ্য জেলা হাসপাতালেই আয়ুষ্মান ভারত স্কীমে সম্পূর্ণ বিনামূল্যে এই ধরনের অস্ত্রোপচারের সুবিধা পেয়ে রোগীর পরিবার পরিজনরা খুশি এবং চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। উল্লেখ্য গলব্লাডারে পাথরের অস্ত্রোপচার, এপেন্ডিকসের সার্জারি ও ব্রেসটে ক্যান্সার-টিউমার সহ বিভিন্ন জটিল অস্ত্রোপচারে উনকোটি জেলা হাসপাতালের চিকিৎসকরা নিয়মিতভাবে করছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*